মক্কা-মদিনার মসজিদে রমজানেও উপস্থিতি স্থগিত

করোনাভাইরাস মোকাবেলায় পবিত্র রমজান মাসেও সৌদি আরবের মক্কার মসজিদুল হারাম ও মদিনার মসজিদে নববীতে সর্বসাধারণের জন্য তারাবিহসহ পাঁচ ওয়াক্ত নামাজে উপস্থিতি স্থগিত থাকবে।

সোমবার রাতে দেশটির হারামাইন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের চেয়ারম্যান ড. আবদুর রহমান আস সুদাইস এ তথ্য জানিয়েছেন।

সৌদি স্বাস্থ্যবিষয়ক যৌথ কমিটির পরামর্শে জনস্বার্থ বিবেচনায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ড. আবদুর রহমান আস সুদাইস জানান, এ সময় তারাবিহ ও তাহাজ্জুদের নামাজ সংক্ষিপ্ত আকারে পাঁচ সালামে (১০ রাকাত) আদায় করা হবে।

এ রমজানে হারামাইনে ইতিকাফ ও চিরাচরিত ইফতার প্রোগ্রাম বন্ধ থাকবে। তবে হারামাইনের ইফতার মক্কা ও মদিনা উভয় শহরে বিতরণ করা হবে। পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত উমরাহ বন্ধ থাকবে।

উল্লেখ্য, মক্কা ও মদিনা উভয় শহরেই বর্তমানে ২৪ ঘণ্টার কারফিউ চলমান রয়েছে।

সৌদি আরবের নাগরিক এবং অভিবাসীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য বিভিন্ন প্রদেশের প্রবেশ মুখে সবাইকে প্রাথমিক করোনা টেস্ট করা হচ্ছে। করোনা প্রতিরোধে সৌদি স্বাস্থ্যকর্মীরা মাঠপর্যায়ে শ্রমিক ক্যাম্প এবং বাসাবাড়িতে গণহারে করোনা পরীক্ষা করছেন।

স্বাস্থ্যমন্ত্রী তৌফিক আল রাবিয়া এক বিবৃতিতে বলেছেন, এ কারণেই দেশটিতে বর্তমানে করোনা আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

সৌদি স্বাস্থ্য মন্ত্রণালয়ের সবশেষ তথ্যানুযায়ী ২০ এপ্রিল সৌদি আরবে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১১২২ জন। মোট আক্রান্তের সংখ্যা ১০ হাজার ৪৮৪ জন। দেশটিতে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১০৩ জনে।

অন্যদিকে সুস্থ হয়েছেন ৮৮ জন, সুস্থ হয়ে ঘরে ফিরেছেন ১ হাজার ৪৯০ জন।

এদের মধ্যে ২৭ শতাংশ সৌদি, ৭৩ শতাংশ অভিবাসী। পুরুষ ৭৭ শতাংশ আর মহিলা ২৩ শতাংশ আক্রান্ত। সূত্র- যুগান্তর

যুক্তরাষ্ট্রে অভিবাসন সাময়িকভাবে স্থগিত করছেন ট্রাম্প

করোনাভাইরাসের থাবায় প্রতিদিনই বাড়ছে আক্রান্ত ও মৃতের সংখ্যা। প্রাণঘাতী এই ভাইরাসে এরই মধ্যে আক্রান্ত হয়েছে বিশ্বের ২১০টি দেশ ও অঞ্চল। এর মধ্যে সবচেয়ে শোচনীয় অবস্থা বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর রাষ্ট্র আমেরিকার। দেশটিতে আক্রান্ত হয়েছে ৭ লাখ ৯২ হাজারের বেশি মানুষ। মৃতের সংখ্যা ৪২ হাজারের বেশি।

দেশটিতে করোনা ভাইরাসের বিস্তার ঠেকাতে চলছে লকডাউন। এমন পরিস্থিতে যুক্তরাষ্ট্রের মানুষের আয়-রোজগারের পথও বন্ধ হয়ে গেছে। চাকরি হারিয়ে বেকারও হয়েছেন অনেকে। আর তাই নাগরিকদের কাজের সুযোগ করে দেয়ার জন্য যুক্তরাষ্ট্রে অভিবাসী প্রবেশ সাময়িকভাবে স্থগিত করতে যাচ্ছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

সোমবার একটি টুইট বার্তায় ট্রাম্প বলেন, অদৃশ্য শত্রুর আক্রমণের কারণে আমাদের মহান আমেরিকার নাগরিকদের কাজ বাঁচানোর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। আমি অভিবাসন সাময়িকভাবে স্থগিত করার জন্য একটি নির্বাহী আদেশে স্বাক্ষর দিতে যাচ্ছি। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

ভারতের রাষ্ট্রপতি ভবনেও করোনার হানা

প্রাণঘাতী করোনাভাইরাস এবার হানা দিল ভারতের রাষ্ট্রপতি ভবনেও। সেখানকার এক পরিচ্ছন্নতাকর্মীর দেহে করোনা শনাক্ত হয়েছে। এরপর প্রায় ১০০ জনকে কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। খবর এনডিটিভির।

রাষ্ট্রপতি ভবনের একটি সূত্রের বরাতে বলা হয়েছে, চার দিন আগে ওই পরিচ্ছন্নতাকর্মীর দেহে সংক্রমণ ধরা পড়ে। সচিবপর্যায়ের কর্মকর্তাদের ও তাদের পরিবারকে হোম কোয়ারেন্টাইনে থাকতে বলা হয়েছে। আর কর্মীদের দিল্লির একটি কোয়ারেন্টাইন কেন্দ্রে নিয়ে রাখা হয়েছে।

পরীক্ষায় কমপ্লেক্সের পরিচ্ছন্নতাকর্মীদের ছাড়া অন্য কারও দেহে করোনাভাইরাস পাওয়া যায়নি। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

রাজধানীর যেসব এলাকায় দ্রুতগতিতে বাড়ছে করোনা সংক্রমণ

দেশে বেড়েই চলেছে প্রাণঘাতী করোনাভাইরাস সংক্রমণের সংখ্যা। বাংলাদেশে সোমবার একদিনে সর্বোচ্চ সংখ্যক (৪৯২) করোনাভাইরাস সংক্রমণ শনাক্ত হয়েছে। যার ফলে স্বাভাবিকভাবে নতুন করে আরও কিছু এলাকায় ঝুঁকি বেড়েছে।

২০ এপ্রিলের হিসাব অনুযায়ী পুরাতন ঢাকার অনেক এলাকায় অন্য যেকোনও এলাকার তুলনায় সংক্রমণ বেশি।

যেমন- আজিমপুরে ১৫ জন শনাক্ত হয়েছেন ইতোমধ্যে। বাবুবাজারে সংখ্যাটা ১১।
বংশালে ৩১জন শনাক্ত হয়েছেন, চকবাজারে ১৯ ও গেন্ডারিয়ায় ২১ জন।

যাত্রাবাড়িতে সংক্রমণ ধরা পড়েছে ৩৩ জনের মধ্যে। এছাড়া লালবাগে সংক্রমণ ধরা পড়েছে ৩১ জনের মধ্যে।

সুত্রাপুরে করোনাভাইরাস ধরা পড়েছে ১২ জনের মধ্যে। ওয়ারীতে এই সংখ্যা ৩০।

শাখারীবাজারে করোনাভাইরাস শনাক্ত হয়েছে ১৮ জনের মধ্যে।

অন্য এলাকার মধ্যে সবচেয়ে বেশি সংক্রমণ হয়েছে মোহাম্মদপুরে ৩৮ জন।

পুরো মিরপুর এলাকায় ৭০ জনের মধ্যে করোনাভাইরাস ধরা পড়েছে, যার মধ্যে মিরপুর ১৪ তেই ২১ ও টোলারবাগে ১৯ জন।

এছাড়া ধানমন্ডিতে ২৩, বাসাবোয় ১৯, মহাখালীতে ১৪, মগবাজারে ১৬, রাজারবাগে ২৮, উত্তরায় ২৩ ও শাহবাগে ১১ জন করোনারোগী শনাক্ত হয়েছে। সূত্র: বিবিসি বাংলা

অস্ত্রোপচারের পর কিমের অবস্থা আশঙ্কাজনক!

উত্তর কোরিয়ায় প্রেসিডেন্ট কিম জং উনের সম্প্রতি একটি অস্ত্রোপচারে পর তিনি আশঙ্কাজনক অবস্থায় আছেন বলে দাবি করেছে যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম সিএনএন।

আর এ জন্যই গত ১৫ এপ্রিল উত্তর কোরিয়ার প্রেসিডেন্ট কিম জং উন দাদার জন্মদিনের অনুষ্ঠানে উপস্থিত হতে পারেননি বলে জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম।

যুক্তরাষ্ট্রের বেশ কিছু কর্মকর্তা সিএনএনকে জানিয়েছে, অস্ত্রোপচারের পর আশঙ্কাজনক অবস্থায় রয়েছেন কিম জং উন।
এ ব্যাপারে দক্ষিণ কোরিয়া ভিত্তিক সংবাদমাধ্যম দ্য ডেইলি এনকের প্রতিবেদনে বলা হয়, কিমের হৃদযন্ত্রে অস্ত্রোপচার করা হয়েছে। তবে তিনি সুস্থ হয়ে উঠেছেন বলে দ্য ডেইলি এনকে’র প্রতিবেদনে বলা

হয়েছে।

তবে উত্তর কোরিয়ার সরকারের গোপনীয়তার কারণে কিমের বর্তমান অবস্থা সম্পর্কে এখনো স্পষ্টভাবে কিছু জানা যায়নি। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

ভারতে করোনা রোগীর ৮০ শতাংশই উপসর্গহীন

ভারতে এখন পর্যন্ত যতজন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন, তাদের বেশিরভাগের মধ্যেই ভাইরাসটির কোনও উপসর্গ দেখা যায়নি।

প্রায় একমাস ধরে লকডাউনের মধ্যে ভারতে আক্রান্ত্রের সংখ্যা যখন ২০ হাজার ছুঁইছুঁই, ঠিক সেসময় এমনই তথ্য সামনে এনেছেন ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর)-এর একজন গবেষক।

রমণ আর গঙ্গাখেড়কর নামে ওই গবেষক বলেছেন, এখন পর্যন্ত যতজন করোনায় আক্রান্ত হয়েছেন, তাদের ৮০ শতাংশের মধ্যেই কোনও উপসর্গ দেখা যায়নি। তাই উপসর্গহীনদের কীভাবে শনাক্ত করা যাবে, সেটিই এখন আমাদের প্রধান দুশ্চিন্তা হয়ে দাঁড়িয়েছে।

বিষয়টি অত্যন্ত উদ্বেগজনক জানিয়ে তিনি বলেন, সংক্রমিত ব্যক্তি যাদের সংস্পর্শে এসেছেন, তাদের সবার পরীক্ষা করে দেখা ছাড়া আর কোনও ভাবে নতুন করে কেউ সংক্রমিত হয়েছেন কিনা, তা বোঝার উপায় নেই।

উপসর্গহীনদের শনাক্ত করতে পদ্ধতিগত কোনো পরিবর্তন ঘটানো সম্ভব কি না, এ বিষয়ে গঙ্গাখেড়কর বলেন, আর কি পরিবর্তন করা যাবে? তেমন কোনও সম্ভাবনা তো দেখছি না।

তিনি বলেন, কোথাও সংক্রমণ ধরা পড়লে বা হটস্পটগুলোতে গিয়ে সেখানকার মানুষের ইনফ্লুয়েঞ্জার মতো রোগ রয়েছে কি না, তা পরীক্ষা করে দেখা হচ্ছে। আর কী পদক্ষেপ করা যেতে পারে জানি না।

ভারতের মতো দেশে উপসর্গহীনদের সবার পরীক্ষা করা অসাধ্য। তাই সংক্রমিত ব্যক্তিরা কার কার সংস্পর্শে এসেছেন, এই মুহূর্তে তা খুঁজে বের করা ছাড়া আর কোনও উপায় নেই বলেও জানিয়েছেন আইসিএমআরের এই বিজ্ঞানী।

করোনাভাইরাসের কারণে ভারতে কতটা ভয়ংকর পরিস্থিতির মুখে পড়তে চলেছে; তা মে মাসের দ্বিতীয় সপ্তাহেই স্পষ্ট হয়ে যাবে বলে মনে করেন তিনি।

সূত্র: আনন্দবাজার পত্রিকা

প্রথম আলোর সাংবাদিক করোনায় আক্রান্ত, প্রধান কার্যালয় বন্ধ

জাতীয় দৈনিক প্রথম আলোর একজন জ্যেষ্ঠ সংবাদকর্মী করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এ অবস্থায় পত্রিকাটির প্রধান কার্যালয় কার্যত বন্ধ রাখা হয়েছে।

অনলাইন সংস্করণে একটি প্রতিবেদন প্রকাশের মাধ্যমে বিষয়টি জানিয়েছে পত্রিকাটি।

জানা যায়, বেশ কিছুদিন ধরেই তিনি বাসাতেই আইসোলেশনে ছিলেন প্রথম আলোর ওই সংবাদ কর্মী। সোমবার তাকে রাজধানীর একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিস্থিতি বিবেচনায় নিয়ে আজ থেকে পত্রিকাটি প্রকাশের সব কাজ বাসা থেকে সম্পন্ন করবে।

প্রথম আলো কর্তৃপক্ষ জানিয়েছে, মহামারির এই দুর্যোগকালীন অবস্থায় প্রধান কার্যালয় কার্যত বন্ধ রেখে প্রথম আলো পত্রিকা ও অনলাইন প্রকাশনা অব্যাহত থাকবে। সূত্র-ভোরের পাতা

করোনার নতুন সংক্রমণ সবচেয়ে বেশি গাজীপুরে

রাজধানী ঢাকায় করোনা আক্রান্তের সংখ্যা বেশি হলেও বর্তমানে সবচেয়ে বেশি সংক্রমণ গাজীপুর জেলায়। সোমবার করোনাভাইরাস নিয়ে নিয়মিত অনলাইন ব্রিফিংয়ে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা এ তথ্য জানান।

তিনি বলেন, বর্তমানে গাজীপুরে সবচেয়ে বেশি করোনা সংক্রমণ হচ্ছে, এটি করোনার নতুন হটস্পট। সব মিলিয়ে মোট আক্রান্তের ১৯ দশমিক ৫ ভাগই এখন গাজীপুরের। করোনা আক্রান্তের দিক থেকে প্রথম এবং দ্বিতীয় অবস্থানে রয়েছে ঢাকা এবং নারায়ণগঞ্জ।

গাজীপুরে গত ২৪ ঘণ্টায় ১০৭ জন আক্রান্ত হয়েছেন গাজীপুরে।

মোট করোনা আক্রান্তদের ১৩ দশমিক ৫ ভাগ কিশোরগঞ্জের আর ৬ ভাগ নরসিংদীর বলে জানান স্বাস্থ্য অধিদফতরের এই কর্মকর্তা।

নতুন করে করোনা সংক্রমণ বেড়েছে জানিয়ে তিনি বলেন, ‘আপনার ঘরে থাকুন। বিনা প্রয়োজনে বাইরে যাবেন না। গেলেও অবশ্যই মাস্ক পরে যাবেন। অন্যথায় আমরা আক্রান্ত ও মৃত্যুর এই মিছিল থামাতে পারব না।’

ব্রিফিংয়ে আরও জানানো হয়, দেশে গত ২৪ ঘণ্টায় আরও ১০ জন করোনাভাইরাসে (কভিড-১৯) মারা গেছেন। এ নিয়ে দেশে করোনায় মৃতের সংখ্যা বেড়ে ১০১ জনে দাঁড়িয়েছে।

একই সময়ে নতুন করে করোনা আক্রান্ত হয়েছেন আরও ৪৯২ জন। এ নিয়ে মোট আক্রান্ত হয়েছেন ২ হাজার ৯৪৮ জন।

এছাড়া নতুন করে সুস্থ হয়েছেন আরও ১০ জন। এ নিয়ে মোট ৮৫ জন করোনা রোগী সুস্থ হলেন।

আজকের ব্রিফিংয়ে উপস্থিত ছিলেন অধিদফতরের কেন্দ্রীয় ঔষধাগারের (সিএমএসডি) পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. মো. শহীদুল্লাহ।

পিপিইসহ চিকিৎসা সামগ্রী গ্রহণ এবং তা চিকিৎসক-স্বাস্থ্যকর্মীদের মধ্যে বিতরণের তথ্য তুলে ধরেন তিনি।

ডা. নাসিমা সুলতানা বলেন, গত ২৪ ঘণ্টায় ২ হাজার ৭৭৯টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এর মধ্যে ৪৯২ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। এই সময়ে মারা গেছে ১০ জন। এছাড়া আক্রান্তদের মধ্যে ১০ সুস্থ হয়েছেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের উহান শহরে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মত রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে ‘কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে

দেশে ২৪ ঘন্টায় করোনায় আরো ১০ মৃত্যু, নতুন শনাক্ত ৪৯২

গত ২৪ ঘণ্টায় দেশে করোনাভাইরাস সংক্রমণে আরো ১০ জনের মৃত্যু হয়েছে। নতুন শনাক্ত হয়েছে ৪৯২ জন। এ নিয়ে দেশে করোনায় এ পর্যন্ত মোট মৃত্যু হয়েছে ১০১ জনের। আর সব মিলিয়ে শনাক্ত হয়েছে দুই হাজার ৯৪৮ জন।

আজ সোমবার (২০ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের করোনাভাইরাস পরিস্থিতি নিয়ে সরকারি বুলেটিনে এসব তথ্য জানানো হয়েছে।

বিস্তারিত আসছে…

মেহেরপুরে সরকারি নির্দেশ অমান্য করায় ৬ ব্যবসায়ীর জরিমানা

সরকারি নির্দেশ অমান্য করে দোকান খোলায় ৬ ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করা হয়৷ সোমবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ৬ ব্যবসায়ীর নিকট থেকে জরিমানা আদায় করা হয়।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসানের নেতৃত্বে মেহেরপুর শহরের বিভিন্ন এলাকার রড সিমেন্টের দোকান, ঘড়ির দোকান, কসমেটিক ও অন্যান্য দোকানে এ আদালত বসানো হয়। এসময় সরকারীর আইন অমান্য করে দোকান খোলার দায়ে ৬ ব্যবসায়ীর নিকট থেকে ৫ হাজার ৮০০ টাকা জরিমানা আদায় করা হয়।